



এমএড প্রোগ্রাম

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০২১-২০২২ (২০২১ ব্যাচ)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত মাস্টার অব এডুকেশন (এমএড) প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে (২০২১ ব্যাচ) ভর্তির জন্য osapsnew.bou.ac.bd-এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

ভর্তি আবেদনের যোগ্যতা:

অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/ডিপ-ইন-এড/বেল্ট/বিএজিএড/বিপিএড/ডিপিএড বা সমমানের ডিগ্রিসহ ন্যূনতম স্নাতক ডিগ্রি।

ভর্তি আবেদন সংক্রান্ত তথ্য:

- আবেদনের তারিখ: ০১-০৬-২০২২ থেকে ২১-০৭-২০২২ তারিখ পর্যন্ত।
- আবেদন ফি: ৭০০ (সাতশত) টাকা মাত্র।
- প্রাথমিকভাবে নিবাচিত প্রার্থীদের তালিকা ও মৌখিক পরীক্ষার তারিখ প্রকাশ: ৩১-০৭-২০২২ তারিখ।
- অনলাইনে প্রবেশপত্র প্রাপ্তির তারিখ: ০৪-০৮-২০২২ থেকে ১১-০৮-২০২২ তারিখ পর্যন্ত।
- নিজস্ব মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি ব্যবহার করে আবেদন করতে হবে।

আবেদন প্রক্রিয়া:

যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Education (SOE)-এ ক্লিক করে এমএড প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। এমএড প্রোগ্রামে ভর্তি আবেদনের নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300×100 JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন। Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন।

সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে “Payment has been completed successfully” মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। এমএড প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৭০০/- (সাতশত টাকা)। তবে, প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ই-মেইলে (help.osaps@bou.ac.bd)-এ অবহিত করুন। OSAPS-এর হেল্পলাইন নম্বর: 01635-832845, 01907-451612 (সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)।

প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি’তে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০১-০৬-২০২২ থেকে ২১-০৭-২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বাউবি’র আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র প্রাথমিকভাবে নির্বাচিতরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি’র ওয়েবসাইটে ৩১-০৭-২০২২ তারিখে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS-এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

বিঃদ্র: ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারীর জন্য প্রযোজ্য হবে। কোন আবেদনকারীর ভর্তির আবেদনে প্রদত্ত কোন তথ্য অসম্পূর্ণ ও অসত্য প্রমাণিত হলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

Helpline Available Time: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৯:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত)।

অধ্যাপক সুফিয়া বেগম
ডিন
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।